

(হিজরী ১৪২৭ সনের ২৩শে মহররম রোজ বুধবার সাম্রাজ্যবাদী ইঙ্গ-মার্কিনীদের দোসর ও পথভ্রষ্ট ওয়াহাবী চক্র কর্তৃক ইরাকের সামেরা শহরে ইমাম আলী নকী (আঃ) ও ইমাম হাসান আসকারীর (আঃ) পবিত্র মাজারে বোমা হামলা চালনা হয়। এ কাপুরুষোচিত হামলার প্রতিবাদে বর্তমান মুসলিম বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ মনীষী হযবত আয়াতুল্লাহ আল উযমা সাইয়েদ সাদীক সিরাজী নিম্নের বিবৃতিটি প্রকাশ করেন।)

বিসমিল্লাহির রাহমানির রাহিম

ইনালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজেউন

“আর অতি শিঘ্রই অত্যাচারীরা জানতে পারবে যে, তারা কোথায় প্রত্যাবর্তন করবে।”
(সূরা আশ্ শূরা, আয়াত নং ২২৭)

রাসূলে খোদার (সাঃ) প্রাণপ্রিয় দৌহিত্র ইমাম হুসাইনের (আঃ) মর্মান্তিক শাহাদতের শোকাচ্ছন্ন মহররম মাসে অবারও নবীবংশ আহলে বাইতের দুশমন ও মানবরূপী নিকৃষ্ট পশুরা তাদের পূর্বগামীদের ন্যায় (যারা কারবালায় ইমাম হুসাইনের পবিত্র কবরের সৌধ ও মদীনার বাকী কবরস্থানের চার মহান ইমাম (আঃ) ও বিশিষ্ট্য ওলি-আওলিয়াদের কবরসমূহকে ধ্বংশের ধৃষ্টতা দেখিয়েছিল) ইরাকের সামেরা শহরে ইমাম আলী নকী (আঃ) ও ইমাম হাসান আসকারীর (আঃ) পবিত্র মাজারকে বোমা বিস্ফোরণের মাধ্যমে ধ্বংশ করে দিয়েছে। এ দুর্বৃত্ত চক্রটি এহেন মারাজুক অপরাধের মাধ্যমে মানবেতিহাসে আরেক কলংকজনক অধ্যায়ের সংযোজন করেছে।

এই মর্মে আমি যুগের ইমাম ও আহলে বাইতের সর্বশেষ ইমাম হযরত মাহদীর (আঃ) প্রতি আন্তরিক শোক ও সমবেদনা জ্ঞাপন করছি। সাথে সাথে এ কাপুরুষোচিত ও ন্যাক্কারজনক হামলার ঘটনার সাথে জড়িতদের প্রতি চরম নিন্দা ও ধিক্কার জানাচ্ছি।

সর্বশক্তিমান আল্লাহর দরবারে কামনা করছি যে, আগামীতে যাতে এহেন ঘৃনিত ও ন্যাক্কারজনক ঘটনার পুনরাবৃত্তি না ঘটে; সেজন্য মুসলিম উম্মাহ নিজেদের মধ্যকার ঐক্যকে সুসংহত করার পাশাপাশি শরীয়াতসম্মত দায়িত্বাবলী যথাযথভাবে সম্পাদনের ক্ষেত্রে বিশেষভাবে মনোযোগী হতে পারে।